গাংনীতে মোটরসাইকেল থেকে পড়ে বৃদ্ধ নিহত

লাশ দাফনে অংশ নিতে যাওয়ার পথে ওমর আলী (৭০) নামের এক বৃদ্ধ মোটরসাইকেল থেকে পড়ে নিহত হয়েছেন। আহত হয়েছেন নিহত ওমর আলীর বড় ছেলে নজরুল ইসলাম (৫০)। তাদের বাড়ি মেহেরপুরের গাংনী উপজেলার চিৎলা গ্রামে। বৃহস্পতিবার বেলা ১১ টার সময় শানঘাট বাজারে এ দুর্ঘটনা ঘটে।
আহত নজরুল ইসলাম জানান, তারা পিতা পুত্র দু’জন মোটরসাইকেল যোগে চুয়াডাঙ্গার আসমানখালী গ্রামে একটি দাফন কাজে অংশ গ্রহন করতে যাচ্ছিলেন। শানঘাট বাজারে পৌছালে ইট বোঝাই ট্রলিকে সাইড দিতে তারা দু’জনই ছিটকে পড়ে আহত হন। স্থানীয়রা তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্থাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক ওমর আলীকে মৃত ঘোষনা করেন। আহত নজরুল ইসলামকে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া মেডিকেল হাসপাতালে রেফার্ড করা হয়।
গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বজলুর রহমান, দুর্ঘটনার বিষয়টি জেনে ঘটনা স্থলে পুলিশ পাঠানো হয়েছে। তারা নিজেরাই একটি গাড়িকে সাইড দিতে গিয়ে পড়ে যায়। এ বিষয়ে আমাদের কাছে কোনো অভিযোগ আসেনি।

গাংনীতে বোমা সদৃশ্য বস্তু উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের কাষ্টদহ গ্রাম থেকে বোমা সদৃশ্য বস্তু উদ্ধার করেছে পুলিশ।

আজ শুক্রবার সকাল সোয়া ১০টার দিকে গাংনী থানা পুলিশের এসআই জহির রায়হানের নেতৃত্বে পুলিশের একটি দল বোমা সদৃশ্য বস্তুটি উদ্ধার করে।

এসআই জহির রায়হান জানান,কাষ্টদহ গ্রামে একটি বোমা পড়ে আছে- এমন

সংবাদ পেয়ে পানি ও বালি ভর্তি বালতিতে করে সেটি উদ্ধার করে থানায় নেওয়া হয়েছে। তবে বস্তুটি পরীক্ষার পর বলা যাবে সেটি বোমা নাকি অন্য কিছু।

মেপ্র/ইএম

মেহেরপুরের গাংনীতে ভ্রাম্যমান আদালতের জরিমানা, ধরা ছোঁয়ার বাইরে মূল অপরাধীরা

মেহেরপুরের গাংনীতে অবৈধভাবে মাটি উত্তোলনকারীর ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত। তবে ধরাছোঁয়ার বাইরে রয়েছে মূল অপরাধীরা। সোমবার দুপুরে এ জরিমানা করা হয়।
গাংনী উপজেলার হিন্দা বিল পাড়ার কাজলা নদীর পাশে অবৈধভাবে মাটি উত্তোলন করছে এমন অভিযোগে অভিযান পরিচালনা করেন গাংনী উপজেলা নির্বাহী কমিশনার (ভূমি) নূরে আলম সিদ্দিকী। এ সময় মাটি উত্তোলনকারী ভেকুর চালক সাইফুল ইসলামকে বালুমহাল ও মাটি ব্যবস্থানা আইন ২০১০ এর ৫ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। সাইফুল ইসলাম লালমনিরহাট জেলার হাতীবান্ধা থানার নিকোশিন্দাপুর গ্রামের আমিনুর রহমানের ছেলে। সে এখানে ভাড়াতে মাটি উত্তোলন করতে এসেছিল।
তবে যারা তাকে ভাড়া করে এনেছে অজ্ঞাত কারনে তারা ধরাছোঁয়ার বাইরেই রয়ে গেছে।
সাংবাদিকদের প্রশ্নের জবাবে গাংনী উপজেলা নির্বাহি কমিশনার (ভূমি) নূরে আলম সিদ্দিকী বলেন, আমরা যাকে স্পটে পেয়েছি তাকেই জরিমানার আওতায় এনেছি। আপনারা যদি এ নিয়ে প্রশ্ন তোলেন তাহলে যতটুকো করছি সেটাও আর করব না।

গাংনীতে ভয়াবহ অগ্নীকান্ডে ৫টি দোকান ভষ্মিভুত

মেহেরপুরের গাংনী পৌর শহর বাসস্টান্ডে ৫টি দোকানে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। এতে অন্ততঃ অর্ধ কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানিয়েছেন দোকান মালিকেরা। কি কারণে এ অগ্নীকান্ডের সুত্রপাত তা অনুসন্ধান করছেন ফায়ার সার্ভিস।
প্রত্যাক্ষদর্শীরা জানায়, রবিবার বেলা সাড়ে ১১টায় সোহাগ বস্ত্রালয় নামের একটি লেপ তোশকের গুদামে আগুনের সুত্রপাত ঘটে। পরে তা ছড়িয়ে পড়ে পাশের আকমল স্টোর, মনিরুল বস্ত্রালয়, জিয়া বেডিং ও ঢাকা বেডিংসহ কয়েকটি ব্যাবসা প্রতিষ্ঠানে। সংবাদ পেয়ে গাংনী ও মেহেরপুর ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘন্টা ব্যাপি চেষ্টা করে আগুন নিয়ন্ত্রণে আনে। আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের পাশাপশি গাংনী উপজেলা ছাত্রলীগের ও পৌর ছাত্রলীগের নেতা কর্মীরা আগুন নেভাতে কাজ করেন। আগুনের তাপে উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক অসুস্থ হয়ে পড়ে। তাকে উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে চিকিৎসা দেয়া হয়েছে। ততোক্ষণে পাচঁটি দোকানের মালামাল পুড়ে যায়।
আগুনে ক্ষতিগ্রস্ত আকমল স্টোরের মালিক আকমল হোসেন জানান, পাঁচটি দোকান মিলে অর্ধকোটি টাকার মালামাল পড়ে ভষ্মিভুত হয়েছে। এতে কয়েকজন দোকান মালিক একেবারে পথে বসে গেছে।
মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএখালেক, পৌর মেয়র আহম্মেদ আলী, উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম, শাহনেওয়াজ ঘটনাস্থল পরিদর্শন করেন । এসময় ক্ষতিগ্রস্থ ব্যবসায়ীদের সাথে কথা বলে সহযোগীতার আশ্বাস দেন।
মেহেরপুর ফায়ার সার্ভিসের উপ-পরিচালক শরিফুল হাসান ভুইয়া বলেন, ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘন্টাব্যাপি চেষ্টা করে আগুন নিয়ন্ত্রনে আনতে সক্ষম হয়। এখন পর্যন্ত আগুন লাগার বিষয়ে তেমন কোন উৎস খুজে পাওয়া যায়নি। তবে বিষয়টি তদন্ত করা হচ্ছে।

গাংনী পৌর সভার হাট-বাজার টেন্ডার কার্যক্রম অনুষ্ঠিত

গাংনী পৌর সভার হাট-বাজার টেন্ডার কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুর ২ টার সময় পৌরসভার সম্মেলন কক্ষে খোলা টেন্ডারে অংশ গ্রহণ করেন প্রায় দশ জন দরদাতা। এদের মধ্যে সর্বোচ্চ দরদাতা গাংনী কাচা বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক মোঃ সাহাদুল ইসলাম ৪২ লাখ ৪২ হাজার ও নিকোটতম দরদাতা মোঃ মোশারফ হোসেন ৪১ লাখ উপস্থিত ছিলেন। টেন্ডার কার্যক্রমে গাংনী পৌর মেয়র আহম্মেদ আলীর উপস্থিতিতে টেন্ডার কার্যক্রম শুরু করা হয়।
এ সময় পৌর কাউন্সিলর, সংরক্ষিত মহিলা কাউন্সিলর, পৌর সচিব, পৌর সভায় কর্মরত কর্মচারী ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে খোলা বাজারে বিক্রি হচ্ছে যৌণ উত্তেজক ওষুধ

সরকারি নিয়ম নীতি না মেনেই মেহেরপুরের বিভিন্ন বিভিন্ন হাট-বাজার ও পথে-ঘাটে অবাধে বিক্রি হচ্ছে নানা ধরনের যৌন উত্তেজক ওষুধ। মজমা বসিয়ে ক্রেতাদের আকর্ষণ করে নামহীন কোম্পানির এসব ওষুধ বিক্রি করা হচ্ছে। আর তা সেবন করে গ্রামের সহজ-সরল মানুষ জটিল ও কঠিন রোগে আক্রান্ত হচ্ছে। প্রশাসনিক কোন পদক্ষেপ না থাকায় অবাধে এসব ওষুধ বিক্রি হচ্ছে বলে জানিয়েছেন স্থানীয়রা। তবে প্রশাসন বলছে ব্যবস্থা নেয়া হবে।

প্রাপ্ত তথ্যমতে, নিয়ম অনুযায়ী ড্রাগ লাইসেন্স ছাড়া ও চিকিৎসকের ব্যবস্থাপত্র ছাড়া ওষুধ বিক্রি করা দন্ডনীয় অপরাধ। কিন্তু তা মানা হচ্ছে না। ফুটপাথের হকাররা প্রকাশ্যে যৌন উত্তেজক পাওয়ার অয়েল, ডি বাজিকরণ, ম্যাক্স জেড, অ্যাপেক্স, ভিগোসা, লুমিসেক, ডেফরল, ভারতীয় যৌন উত্তেজক ট্যাবলেট সেনেগ্রা, এডিগ্রা, মুনিস, ভিগো ফোর্ট ও টার্গেট এমনকি মহামারী করোনার ওষুধও বিক্রি

[redacted]

[redacted]

গাংনীতে জাতীয় বীমা দিবস পালিত

“মুজিব বর্ষের অঙ্গীকার বীমা হোক সবার” এবারে এই প্রতিপাদ্য বিষয়ের উপর জাতীয় বীমা দিবস পালিত হয়েছে। মেহেরপুরের গাংনীতে জাতীয় বীমা দিবস উপলক্ষে রচনা প্রতিযোগিতা, বীমা বিষয়ক গান প্রচার, বীমা মেলা, উদ্বুদ্ধকরণ সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।
গতকাল সোমবার (১লা মার্চ) সকালে গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা সম্মেলন কক্ষে করোনা পরিস্থিতির কারণে স্বাস্থ্য বিধি মেনে স্বল্পপরিসরে আলোচনা সভা করা হয়।
উদ্বুদ্ধকরণ সভায় গাংনী উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি হিসেবে সভাপতিত্ব করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নূর-ই-আলম সিদ্দিকী।
এ সময় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াছমিন। উপজেলা সহকারী কমিশনার বলেন, বীমা দেশের একটি সম্ভাবনাময় খাত। মানুষের জীবন ও ঝুঁকি নিরসনে বীমা বিশ্বব্যাপী অন্যতম পদ্ধতি হিসেবে বিবেচিত হয়ে আসছে। বীমার ব্যপ্তি বৃদ্ধির লক্ষ্যে জনমনে বীমা সম্পর্কে ইতিবাচক ধারণা তৈরির উদ্দেশ্যে সরকার কর্তৃক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বীমা সম্পর্কিত সভা, সেমিনার, বীমা পরিশোধের জন্য অনুষ্ঠান করে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে বীমা দিবস উদযাপন করা হচ্ছে। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম, গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের টেকনিক্যাল অফিসার আব্দুল্লাহ আল মাসুম, পপুলার লাইফ ইন্স্যুরেন্সের গাংনী উপজেলা ইনচার্জ মখলেছুর রহমান, গাংনী পপুলার বীমার অতিরিক্ত প্রকল্প পরিচালক ফেরদৌস আলমসহ বীমার মাঠকর্মীবৃন্দ।
অনুষ্ঠানের শেষে জাতীয় বীমা দিবস উপলক্ষে ‘বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে বীমার গুরুত্ব’ বিষয়ক রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

গাংনীতে ছাত্রলীগের বিক্ষোভ মিছিল

নৈরাজ্য সৃষ্টির অভিযোগ তুলে মেহেরপুরের গাংনীতে বিএনপি জামায়াত ও ছাত্রদলের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করেছে ছাত্রলীগ। গতকাল সোমবার দুপুর ১ টায় গাংনী হাসপাতাল বাজার থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়ে শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে শেষ হয়। বিক্ষোভ মিছিল ও সভায় ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাছির জামান মৃদুল, গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম রানা, মেহেরপুর জেলা ছাএলীগের সহ-সভাপতি ফয়সাল জাহান শিশির, হুমায়ন কবির লিখন, ফিরোজ আহমেদ, সাংগঠনিক সম্পাদক রাইহানুর জামান নিরব, মানব উন্নয়ন বিষয়ক সম্পাদক মাসুদ রানা মিল্টন, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি তপু রায়হান রবিন, যুগ্ম-সাধারণ সম্পাদক, উপ-দপ্তর সম্পাদক শাহিন রেজা, মোঃ লিজন হোসেন, সজীব ওয়াজেদ জয় পরিষদের সাধারণ সম্পাদক মোঃ আশিকুর জামান সবুজ, ছাত্রলীগ নেতা শুভ আহমেদ, নাছিম আহমেদ, ইমন আহমেদ, শিশির, সাহারুল, তোহিদ, শামিম, আরাফাত, তুষার ইমরান, সাব্বিরসহ বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে ২৬ তম ধন্য বুধবার মহাসভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে ২৬ তম ধন্য বুধবার মহাসভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলার নিত্যানন্দনপুর সেন্ট টমাস চার্চের আয়োজনে মঙ্গল ও বুধবার ২ দিন ব্যাপি এ ধন্য বুধবার মহাসভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মুল বচন,হে ইশ্বর আমাতে বিশুদ্ধ আন্ত:করন সৃষ্টি কর। আমার অন্তরে সুস্থির আত্মাকে নতুন করিয়া দাও।
ধন্য বুধবার মহাসভায় কুষ্টিয়া চার্চের বিশব হেমেন হালদার,মুজিবনগরের বল্লবপুরের মুত্যঞ্জয়ী মন্ডল ডিন